

ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি) এর সেবা সহজীকরণ ও উদ্ভাবনী উদ্যোগ
(২০২১-২২)

সেবা সহজীকরণ:

অতি জোয়ার সতর্কবার্তা প্রচারের লক্ষ্যে জোয়ার সতর্কতা পতাকা পদ্ধতি: জলবায়ু পরিবর্তনের কারণে বাংলাদেশের উপকূল অঞ্চলে স্বাভাবিক জোয়ারের পানি আগের চেয়ে অনেক বৃদ্ধি পেয়েছে। ফলে ঘূর্ণিঝড় ও অতি জোয়ারের সময় উপকূল ও নদী তীরবর্তী বিভিন্ন এলাকা প্লাবিত হয়ে আকস্মিক ক্ষয়ক্ষতির সৃষ্টি করেছে। সিপিপির স্বেচ্ছাসেবকগণকে ব্যবহার করে, বিশেষত নবগঠিত 'অতি জোয়ার মনিটরিং ও সাড়াদান ইউনিট' এর মাধ্যমে সহজ ও বোধগম্য উপায়ে মানুষকে অতি জোয়ার বিষয়ে সতর্ক করার জন্য এই পতাকা পদ্ধতি উদ্ভাবন করা হয়েছে।

প্রাথমিক কর্ম এলাকা:

- ১। অতি জোয়ারে নিমজ্জিত হওয়ার ঝুঁকিপূর্ণ উপকূলীয় ও নদী তীরবর্তী এলাকা
- ২। দ্বীপ ও চরাঞ্চল

জোয়ার সতর্কতা পতাকা: স্বাভাবিক জোয়ার- সবুজ, অধিক জোয়ার- হলুদ এবং বিপজ্জনক জোয়ার- লাল।

উদ্ভাবনী উদ্যোগ:


খেলায় খেলায় দুর্যোগ প্রস্তুতি: সিপিপি অধিভুক্ত এলাকার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে খেলাধুলা ও হাতেকলমে অনুশীলনের মাধ্যমে ভবিষ্যত প্রজন্মকে দুর্যোগ সচেতন করা এবং দুর্যোগ মোকাবিলায় প্রস্তুত করাই এই কার্যক্রমের মূল উদ্দেশ্য।

এই কার্যক্রমের অধীনে নিম্নবর্ণিত দুর্যোগসমূহের উপর সচেতনতা ও মোকাবিলা কৌশল হস্তান্তর করা হবে:

- ঘূর্ণিঝড়
- বন্যা/আকস্মিক বন্যা
- ভূমিকম্প
- ভূমি/পাহাড় ধস
- বজ্রপাত
- অগ্নিকান্ড ইত্যাদি

মূল কার্যক্রম:

- বাস্তব ঘটনাচিত্রের অনুকরণে মহড়া;
- ভূমিকম্প ও অগ্নিকান্ডে জরুরি অপসারণ কসরত;
- দেশীয় এবং গ্রামীণ কিছু খেলার মাধ্যমে দুর্যোগ বিষয়ক জ্ঞানচর্চা;
- বিদ্যালয়কে আশ্রয়কেন্দ্র হিসেবে দ্রুত রূপান্তর ও ব্যবহারের অনুশীলন।


আহামদুল হক
পরিচালক (প্রশাসন)
ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি, ঢাকা।